




## ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ অর্থবছরের সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রিস্টান/সশস্ত্রবাহিনী/দৃষ্টিপ্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যাদের নাম উপবৃত্তির তালিকায় (সংযুক্ত) আছে সে সকল শিক্ষার্থীরা আগামী ১৮/০৬/২০২০ তারিখ (সকাল-৮:০০টা) থেকে ২০/০৬/২০২০ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর উপবৃত্তির ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর নির্দেশনা অনুযায়ী উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ জি টু পি (E.F.T)-এর আওতায় অনলাইনে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে। বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংক একাউন্ট থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অতিবিলম্বে অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়। শিক্ষার্থীদের নিজ নামে অনলাইন ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখার নাম নির্ভুলভাবে পূরণ করতে হবে।

**বিঃদ্র:** উপবৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীরা উক্ত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে গিয়ে বাধ্যতামূলক অনলাইনে ফরম পূরণ করতে হবে। অন্যথায় তাদের বৃত্তির তথ্যাদি আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল-এ প্রেরণ করা সম্ভব হবে না।



(শিউলি আফহার) ১/০৬/২০২০

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ৩/৩/১৪২৭ বঙ্গাব্দ

১৭/৬/২০২০ খ্রিঃ

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/৭৭১৬৯-সি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।



(শিউলি আফহার) ১/০৬/২০২০

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়